# ইসরায়েলি বিমান হামলায় নিহত হুতি প্রধানমন্ত্রী আহমেদ আল-রাহাভি



সংগৃহীত ছবি

ইরান সমর্থিত হুতি বিদ্রোহীদের প্রধানমন্ত্রী আহমেদ আল-রাহাভি ইয়েমেনের রাজধানী সানায় ইসরায়েলি বিমান হামলায় নিহত হয়েছেন। এ হামলায় তার কয়েকজন সহযোগীও প্রাণ হারান। ধারণা করা হচ্ছে, হুতিদের শীর্ষ বৈঠককে লক্ষ্য করেই হামলাটি চালানো হয়।

ইরান সমর্থিত হুতি বিদ্রোহীদের প্রধানমন্ত্রী আহমেদ আল-রাহাভি বৃহস্পতিবার (২৮ আগস্ট) সানার একটি অ্যাপার্টমেন্টে ইসরায়েলি বিমান হামলায় নিহত হন। ইয়েমেনের আল-জুমহুরিয়া টেলিভিশন এ তথ্য নিশ্চিত করেছে।

স্থানীয় গণমাধ্যম আডেন আল-গাদ জানায়, আল-রাহাভির পাশাপাশি আরও কয়েকজন সহযোগীও এ হামলায় নিহত হয়েছেন। প্রতিবেদনে উল্লেখ করা হয়, এ হামলা রাজধানী সানার বাইরে আরেকটি স্থানে চালানো হামলা থেকে আলাদা ছিল। লক্ষ্য ছিল হুতি নেতাদের শীর্ষ বৈঠক, যেখানে হুতিদের প্রতিরক্ষামন্ত্রীসহ অন্তত ১০ জন মন্ত্রী উপস্থিত ছিলেন। বৈঠকে নেতা আবদুল মালিক আল-হুতির ভাষণ শোনার কথা ছিল। তবে এখনো সঠিক হতাহতের সংখ্যা প্রকাশ পায়নি।

ইসরায়েলি চ্যানেল কান জানায়, আহমেদ আল-রাহাভি মাত্র এক বছর ধরে প্রধানমন্ত্রী পদে ছিলেন এবং আন্তর্জাতিক স্বীকৃতি পাননি। এন টুয়েলভ-এর তথ্য অনুযায়ী, তিনি ইরান ও হিজবুল্লাহর ঘনিষ্ঠ সহযোগী ছিলেন এবং সরাসরি ইসরায়েলের বিরুদ্ধে হামলার অনুমোদন দিয়েছিলেন।